

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[কর নীতি উইং]
সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

পত্র নম্বর-০৮.০১.০০০০.০৩০.০৬.০০৯.২০২৭৮

তারিখঃ ১১ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৬ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: কোম্পানি করদাতা কর্তৃক দাখিলকৃত হিসাব বিবরণী চার্টার্ড একাউন্টেন্ট কর্তৃক প্রত্যায়িত কি না তা যাচাইয়ের বিষয়ে নির্দেশনা।

১। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩৫ অনুযায়ী, The Companies Act, 1913 বা কোম্পানী আইন, ১৯৯৪ মোতাবেক সংজ্ঞায়িত কোম্পানীর আয়কর রিটার্ন দাখিলের সময় চার্টার্ড একাউন্টেন্ট কর্তৃক প্রত্যায়িত নিরীক্ষিত হিসাব বিবরণী দাখিল করার এবং নিরীক্ষিত হিসাব বিবরণীতে চার্টার্ড একাউন্টেন্ট ছাড়াও সংশ্লিষ্ট কোম্পানীর উপযুক্ত সংখ্যক পরিচালকের স্বাক্ষরের বিধান রয়েছে।

২। কোম্পানি শ্রেণির করদাতা কর্তৃক দাখিলকৃত নিরীক্ষিত হিসাব বিবরণী জাল কিনা তা উপ কর কমিশনার কর্তৃক যাচাই করার বিষয়ে জর্জ আইন, ২০১৮ এর মাধ্যমে আয়কর অধ্যাদেশে বিধান সংযোজন করা হয়েছে। এ ক্ষেত্রে চার্টার্ড একাউন্টেন্ট পেশার নিয়ন্ত্রণকারী স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ICAB এর ওয়েবসাইটে গিয়ে এরূপ যাচাই করার বিষয়ে আয়কর পরিপত্র-১, ২০১৮-১৯ এর মাধ্যমে স্পষ্টীকরণ করা হয়। উল্লেখ্য, আয়কর পরিপত্রটি আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ১৮৪এ ধারায় জারীকৃত।

৩। আয়কর অধ্যাদেশ এর বিধান পরিপালনকল্পে, আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত নিরীক্ষিত হিসাব বিবরণী জাল কি না তা নিশ্চিতকরণে জাতীয় রাজস্ব বোর্ডের সাথে আলোচনাক্রমে ICAB একটি Document Verification System (DVS) তৈরী করেছে। উক্ত সিস্টেম প্রতিটি প্রত্যায়িত হিসাব বিবরণীর জন্য একটি Document Verification Code (DVC) জেনারেট করবে, যা প্রতিটি নিরীক্ষিত হিসাব বিবরণীতে উল্লেখ থাকবে।

৪। DVS এর কার্যকরী ব্যবহার নিশ্চিত করার জন্য জাতীয় রাজস্ব বোর্ড এবং ICAB গত ১২ নভেম্বর ২০২০ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে।

৫। এমতাবস্থায়, রাজস্ব স্বার্থ সংরক্ষণ, আয়কর অধ্যাদেশ এর বিধান পরিপালন এবং জাল অডিট রিপোর্ট ব্যবহার রোধকল্পে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করছে:


(ক) কোম্পানি শ্রেণির করদাতা কর্তৃক দাখিলকৃত সকল নিরীক্ষিত হিসাব বিবরণীর ক্ষেত্রে উপ কর কমিশনার dvs.icab.org.bd ওয়েবসাইটে গিয়ে DVC যাচাই করবেন;

(খ) ICAB এর ওয়েবসাইট যাচাই করে যদি দেখা যায় করদাতা কর্তৃক দাখিলকৃত কোনো নিরীক্ষিত হিসাব বিবরণী চার্টার্ড একাউন্টেন্ট কর্তৃক প্রত্যায়িত নয় অর্থাৎ জাল (Fake), অথবা এতে কোম্পানীর উপযুক্ত সংখ্যক পরিচালকের স্বাক্ষর নেই তাহলে নিরীক্ষিত বলে দাবীকৃত উক্ত হিসাব বিবরণীটি উপ কর কমিশনার অগ্রাহ্য করে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন;

(গ) কোম্পানি শ্রেণির করদাতার কর নির্ধারণের ক্ষেত্রে উপ কর কমিশনার কর নির্ধারণী আদেশের শুরুরে নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করবেন:

নিরীক্ষিত হিসাব বিবরণী প্রত্যয়নকারী অডিটরের নাম (বা নামসমূহ)	
প্রত্যয়নের তারিখ	
নিরীক্ষিত হিসাব বিবরণীতে উল্লিখিত আইসিএবি ডকুমেন্ট ভেরিফিকেশন কোড	
নিরীক্ষিত হিসাব বিবরণীতে স্বাক্ষরকারী পরিচালকের নাম	

(ঘ) ১ ডিসেম্বর ২০২০ তারিখের পূর্বে প্রত্যয়নকৃত কোনো নিরীক্ষিত হিসাব বিবরণীর ক্ষেত্রে Document Verification Code যাচাই সংক্রান্ত নির্দেশনা প্রযোজ্য হবে না।


 মোঃ মহিদুল ইসলাম চৌধুরী
 দ্বিতীয় সচিব (কর আইন-১)
 জাতীয় রাজস্ব বোর্ড।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সদস্য (সকল) জাতীয় রাজস্ব বোর্ড।
- ২। কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা/বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল, ঢাকা।
- ৩। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল/কর পরিদর্শন পরিদপ্তর/বিসিএস কর একাডেমী, ঢাকা।
- ৪। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।
- ৫। কর কমিশনার, কর অঞ্চল- খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ বরিশাল/ ময়মনসিংহ/ গাজীপুর /নারায়নগঞ্জ / কুমিল্লা/বগুড়া।
- ৬। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডের জন্য)।
- ৭। প্রথম সচিব (সকল আয়কর), জাতীয় রাজস্ব বোর্ড।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। দ্বিতীয় সচিব (সকল আয়কর), জাতীয় রাজস্ব বোর্ড।
- ১০। প্রেসিডেন্ট, The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB)